জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ২২৬ (৭)

তারিখ- ০৬/০৯/2022

**সভার নোটিশ**

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১২/০৯/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। দরিদ্র মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহন করা প্রসঙ্গে।
৩। (জুলাই-সেপ্টেম্বর/২০২২) কোয়াটারে PRAP বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..............................................................
সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৯৯

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১২-০৯-২০২২ খ্রিঃ।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
আলোচনা ঃ- গত ০৮/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ০৮/০৮/২০২২ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

আলোচ্য সূচী-২। দরিদ্র মানুষের জন্য শিক্ষা, স্বাস্থ্য ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহন করা প্রসঙ্গে।

আলোচনাঃ- সভাপতি সভায় এ বিষয়ে আলোচনার সূত্রপাত করলে উপস্থিত সদস্য/প্রতিনিধিগণ নিম্নোক্ত ভাবে সুপারিশ ও মতামত পেশ করেন।

আলোচনা কালে মোছাঃ শাহানাজ বেগম, প্রতিনিধি, দরিদ্র শ্রেণি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) কমিটির অনুষ্ঠিত সভায় জানান যে, বস্তি ও দরিদ্র এলাকার প্রতিটি শিশু বর্তমানে স্কুলে গেলেও তাদের মধ্যে অনেকে প্রাইমারী স্কুল শেষ করার আগেই ঝরে পড়ছে। তাই বস্তি ও দরিদ্র এলাকায় শিশুদের স্কুলগামী এবং স্কুল থেকে ঝরে পড়া রোধ করার জন্য পৌরসভার উদ্যোগ গ্রহন করা উচিত।

আলোচনা কালে মোছাঃ জান্নাতুন ফেরদৌস ঝর্না, কাউন্সিলর(সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা, সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভায় জানান যে, বস্তি ও দরিদ্র এলাকার লোকজন তাদের স্বাস্থ্য বিষয়ক সচেতনতার অভাবে বিভিন্ন ধরনের স্বাস্থ্যগত সমস্যায় ভুগছে। তাই পৌরসভার স্বাস্থ্যকর্মীরা নিয়মিত সেসব এলাকায় গিয়ে, তাদের স্বাস্থ্যগত পরামর্শ প্রদান করলে তারা উপকৃত হতেন।

আলোচনা কালে মোঃ মর্জিনা বেগম, প্রতিনিধি, দরিদ্র শ্রেণি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) কমিটির অনুষ্ঠিত সভায় জানান যে, বস্তি ও দরিদ্র এলাকার মহিলাদের আয় বৃদ্ধির জন্য সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান এবং বিভিন্ন প্রশিক্ষনের মাধ্যমে দক্ষ হিসাবে গড়ে তোলার ব্যবস্থা গ্রহন করা উচিত।

সিদ্ধান্তঃ শিক্ষা,স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য পৌরসভার নিয়োজিত মাঠকর্মীর মাধ্যমে ব্যাপক প্রচারনার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা, বস্তি মহিলাদের সুদমুক্ত ক্ষুদ্রঋণ ও প্রশিক্ষনের ব্যাপারে সভাপতি পৌর পরিষদের সভায় বিষয়টি উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচি-৪ ঃ (জুলাই-সেপ্টেম্বর/২০২২) কোয়াটারে PRAP বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, (জুলাই-সেপ্টেম্বর/২০২২) কোয়াটারে PRAP বাস্তবায়নের লক্ষ্যে অসহায় ও দুস্থ পুরুষদের স্বাস্থ্য সেবার আওতায় ঔষধ ও আর্থিক সহায়তা প্রদান, দরিদ্র ছাত্রদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরন, অসহায় দরিদ্র মানুষের মাঝে বস্ত্র বিতরন, হত দরিদ্রদের মাঝে আর্থিক

হায্য সহ বিবিধ খাতে চলতি কোয়াটারে PRAP বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনায় ৫,৭৮,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে । বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যের মধ্যে বিস্তারিত আলোচনা হয় এবং PRAP বাস্তবায়ন কর্মপরিকল্পনার আলোকে ব্যয়ের জন্য একমত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ PRAP বাস্তবায়নে গৃহীত উদ্যোগের পাশাপাশি পরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রম গ্রহন করে চলতি কোয়াটারে বরাদ্দকৃত অর্থ ব্যয় এবং অর্থ বছরের মধ্যে PRAP বাস্তবায়ন শতভাগ করার জন্য একমত পোষন করেন এবং PRAP বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন যথাযথভাবে পূরন করে ইউজিপ-৩ প্রকল্প ব্যবস্থাপনা অফিসে প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ২৪৯(৯)

তারিখ- ২২/০৯/২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা

২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)

৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থানঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১২/০৯/২০২২ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৭ | মোছাঃ শাহনাজ বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | শাহনাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | সমাজ উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | [signature] |